দৈনিক বাংলা।

তারিখ ৯/৫/৮১
পৃষ্ঠা ... কলাম ...

# সরকারী কলেজ শিক্ষকদের ধর্মঘট প্রত্যাহার

গত রোববার জনশিক্ষা পরিচালকের দফতরে শিক্ষা প্রতিমন্ত্রী, শিক্ষা সচিব এবং জনশিক্ষা পরিচালকের সাথে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের প্রতিনিধিবৃন্দের এক বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের উত্থাপিত দাবীসমূহ বিশদভাবে আলাপ আলোচনা হয়। আলোচনা ফলপ্রসূ হওয়ায় আজ সোমবার থেকে পরিষদের আহূত ধর্মঘট প্রত্যাহার করা হয়েছে।

এক যুক্ত বিবৃতিতে পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক সকল ইউনিট পরিষদের শিক্ষকবৃন্দের এডহক নিয়োগ গ্রহণ করে কাজে যোগদান করার জন্য আহবান জানান।

**বিবৃতি প্রত্যাহার**

পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক গতকাল আরেক যুক্ত বিবৃতিতে বলেন, 'গত ২১শে এপ্রিল দৈনিক বাংলায় এবং গত ২৩শে এপ্রিল দৈনিক সংবাদে প্রকাশিত বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদ কর্তৃক শিক্ষা-প্রতিমন্ত্রীর চুক্তিভঙ্গ সম্পর্কে যে বিবৃতি প্রদান করা হয়েছে তা ভুল বুঝাবুঝির ফলশ্রুতি। উক্ত ভুল বুঝাবুঝির জন্য আমরা দুঃখিত এবং পূর্বে প্রকাশিত বিবৃতি প্রত্যাহার করছি।'